



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারকনং- ০-৫(১৮) জাতীয়বিঃ/পরী/অনার্স পাট-৪/২০২২/২০২৪/৪২৭৭

তারিখঃ ২০/০৮/২০২৪

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা আগামী ২০/০৮/২০২৪ ইং হতে ২১/০৯/২০২৪ ইং তারিখ পর্যন্ত গ্রহণ পূর্বক নম্বর পত্র Online-এ এবং মূল কপি সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রেরণের নিয়মাবলী

- ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার বহিঃপরীক্ষকের নাম ই-মেইলে সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রকে এবং বহিঃপরীক্ষক কে মোবাইলে ক্ষুদে বার্তার মাধ্যমে জানানো হবে। ই-মেইল না পেলে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স পাট-০৪ শাখায় যোগাযোগ করে বহিঃপরীক্ষকের নাম জেনে নিতে হবে।
 - বহিঃপরীক্ষকের সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করে নিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যেই পরীক্ষা সম্পন্ন করতে হবে।
 - বহিঃপরীক্ষক অপারগতা প্রকাশ করলে সংশ্লিষ্ট শাখায় ফোন নম্বরে যোগাযোগ করে বহিঃপরীক্ষকের নাম পরিবর্তন করে নিতে হবে। কোন অবস্থাতেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে বহিঃপরীক্ষক নিয়োগ এবং পরীক্ষা গ্রহণ করা যাবে না।
 - ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের কলেজ ভিত্তিক নম্বরপত্র এবং হাজিরাপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/204) থেকে ডাউন লোড করে Print নিতে হবে। পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করে বহিঃপরীক্ষক ও অন্তঃপরীক্ষক নম্বর ফর্দে পরীক্ষার্থীদের নাম, রোল এবং রেজিঃ নম্বর যাচাই করে তার বিপরীতে প্রাপ্ত নম্বর প্রদান করবেন। একই সাথে হাজিরাপত্রে পরীক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ করবেন।
 - সকল পরীক্ষার্থী পরীক্ষা গ্রহণ শেষে বহিঃপরীক্ষকের উপস্থিতিতে পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে ডাটা এন্ট্রি করতে হবে। নম্বর অন-লাইনে Send করার পূর্বে সকল পরীক্ষার্থীর নম্বর সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে নিতে হবে এবং ম্যানুয়াল নম্বরপত্রের কপির সাথে অন-লাইনে পাঠানো নম্বরপত্রে বহিঃপরীক্ষকের স্বাক্ষর নিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ে এক কপি প্রেরণ করতে হবে।
- সকল পরীক্ষার্থীদের নম্বর অন-লাইনে পাঠাতে হবে। ম্যানুয়াল প্রেরিত কোন নম্বর গ্রহণযোগ্য হবে না। কোনভাবেই যেন নম্বর এন্ট্রি ভুল না হয়, একজন শিক্ষার্থীর নম্বর অন্য শিক্ষার্থীকে না দেওয়া হয় এবং উপস্থিত শিক্ষার্থীকে অনুপস্থিত দেখানো না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে। ফলাফল প্রকাশের পর নম্বর সংশোধনের কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ডাটা এন্ট্রি ও অন-লাইনে প্রেরণের পর প্রেরিত নম্বর পত্রের Print out নিতে হবে। মূলকপি এবং Print কপিতে বহিঃপরীক্ষক এবং অন্তঃপরীক্ষক নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। একই সাথে হাজিরাপত্রে প্রতি পৃষ্ঠার নির্ধারিত স্থানে বহিঃ ও অন্তঃপরীক্ষক স্বাক্ষর করবেন। অনুপস্থিত পরীক্ষার্থীদের নম্বরপত্র এবং হাজিরাপত্রে অবশ্যই Absent লিখতে হবে। কোন ঘর কোন অবস্থাতেই খালি রাখা যাবে না।
 - Print out এর একটি কপি বহিঃপরীক্ষক নিজে সংরক্ষণ করবেন এবং এক কপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষ সংরক্ষণ করবেন। টপসীট, নম্বর পত্রের মূলকপি এবং মূল হাজিরাপত্র নির্ধারিত খামে ভরে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ৪র্থ বর্ষ শাখা এবং এক কপি Print out পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় পাঠাতে হবে। খামের উপরে মৌখিক ও ব্যবহারিক নম্বর, বিষয়, বিষয় কোড লিখতে হবে। হাজিরাপত্রের ০১টি ফটোকপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষের অফিসে সংরক্ষণ করতে হবে।
 - তালিকায় নাম নাই এমন কোন পরীক্ষার্থীর মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা যাবে না। যদি কোন বৈধ পরীক্ষার্থীর নাম Print out এ না থাকে তা হলে প্রয়োজনীয় কাগজ এবং প্রবেশপত্রসহ সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে ডাটায় নাম অন্তর্ভুক্ত করে নিতে হবে।
 - মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজ ছাড়া অন্য কলেজের পরীক্ষার্থী থাকলে পরীক্ষা গ্রহণ করে পৃথক নম্বরফর্দ ও হাজিরাপত্র তৈরি করে পৃথক নামে নিয়মানুযায়ী পাঠাতে হবে। অন-লাইনে নম্বর প্রেরণের জন্য আওতাধীন কলেজের অধ্যক্ষের বরাবরে একটি কপি সীলগালা করে পাঠাতে হবে। সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয় কলেজের পাসওয়ার্ড ব্যবহার করে অন-লাইনে তাঁর কলেজের পরীক্ষার্থীদের নম্বর প্রেরণ করবেন।
 - ডাটা প্রেরণের ক্ষেত্রে নিজ নিজ কলেজের পাসওয়ার্ড এর গোপনীয়তা রক্ষা করতে হবে। বিশ্ববিদ্যালয়ে প্রেরিত মূল নম্বরপত্র (হাতে এন্ট্রি) এবং অন-লাইনে এন্ট্রি করা নম্বরে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ দায়ী থাকবে।
 - পরিসংখ্যান ব্যবহারিক বিষয়ের প্রশ্নপত্র বহিঃপরীক্ষকের অনুপস্থিতিতে খোলা এবং অনুশীলন করা যাবে না।
 - কোন সমস্যা দেখা দিলে প্রয়োজনে জনাব মোঃ শাহ আলম ঢালী, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ৪র্থ বর্ষ শাখা, মোবাইল নং-০১৩১৩-০৫২৩৬১ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
 - কলেজের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা শেষ হলে ০৭ (সাত) দিনের মধ্যে নম্বরপত্রের মূল কপি সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

বিঃ দ্রঃ মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রেরণের পর কোন প্রকার সংশোধন, সংযোজন বা পরিবর্তন করা যাবে না।

Mesbah Uddin
(মেজবাহ উদ্দিন)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

মোবাইল নং- ০১৭৩০-৭৯৫৮৯২

ই-মেইল : controller@nu.ac.bd